EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 8802-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

রানা প্লাজা ভবন ধ্বসের তিন বছর পূর্তি উপলক্ষে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের বক্তব্য

তিন বছর আগে রানা প্লাজা ভবনটি ধ্বসে পড়ে, এর নিচে চাপা পড়ে অগণিত শ্রমিক। আর এই ঘটনা বাংলাদেশের তৈরি পোশাক খাতের প্রতি বিশ্বের দৃষ্টি আকর্ষণ করে। একদিনে বাংলাদেশ হারায় ১১ শ'রও বেশি প্রাণ এবং ঐদিন যারা বেঁচে গিয়েছিলো তাদের জীবন সংগ্রাম অব্যাহত থাকে। অনেকেই হারিয়েছে তাদের প্রিয়জনকে। অনেকে আহত হয়েছে আজীবনের জন্য। আজকের এই বর্ষপূর্তিতে আমরা তাদের দুঃখের সাথে একাত্মতা প্রকাশ করছি।

রানা প্লাজার দুঃখজনক ভবন ধ্বস আমাদের সকলের ওপর একটি দায়িত্ব অর্পণ করেছে -- সরকারি কর্মকর্তা, শ্রমিক, কারখানা মালিক এবং ভোক্তা হিসাবে আমাদের সম্মিলত দায়িত্ব একটি নিরাপদ কর্মপরিবেশ তৈরি করার ও এই বিষয়টি নিশ্চিত করা যেন শ্রমিকদেরও বলার অধিকার থাকে।

গত তিন বছর ধরে ৩৬শ'রও বেশি কারখানার নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করা হয়েছে এবং ৩৯টি ঝুঁকিপূর্ণ কারখানা বন্ধ করে দেয়া হয়েছে। বিশ্বের যে কোনো প্রান্ত থেকে মানুষরা কারখানার নিরাপত্তাজনিত তথ্য পেতে পারেন ওয়েবসাইটের এই ঠিকানায় -- http://database.dife.gov.bd/factories। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ২শ'রও বেশি পরিদর্শক নিয়োগ দিয়েছে এবং তাদেরকে প্রশিক্ষণ দিয়েছে। এছাড়াও একটি টোলমুক্ত হেল্প লাইন চালু করেছে যার নম্বর হল -- ০৮০০-৪৪৫০০০। হাজারও কারখানা তাদের কর্মস্থলের নিরাপত্তা ব্যবস্থা উন্নয়নের জন্য পদক্ষেপ নিয়েছে এবং ৩১টি কারখানা সম্পূর্ণরূপে পুনর্গঠন করা হয়েছে।

এই সকল কিছুই চমৎকার অর্জন যা জীবন রক্ষা করতে পারে।

আমরা আরও বিশ্বাস করি যে শ্রমিকদের জোরালো ও শক্তিশালী মতামত প্রদান খুবই গুরুত্বপূর্ণ যেখানে তারা বলতে পারবে "আমরা এমন ফেটে যাওয়া দেয়াল-যুক্ত ভবনে কাজ করব না, এবং

তাদের সেই মতামত যেন শোনা হয় এবং সম্মান করা হয়। বাংলাদেশ সরকারও ইতিমধ্যে শত শত নতুন ইউনিয়নের নিবন্ধন দিয়েছে। আমরা শ্রমিকদের প্রতি আহ্বান জানাই যেন তারা গণতান্ত্রিকভাবে তাদের নিরাপত্তা ও স্বাস্থ্য কমিটির প্রতিনিধি নির্বাচন করেন যাতে তাদের নিরাপত্তা ব্যবস্থা অব্যাহত থাকে।

রানা প্লাজা ভবন ধবসের ঘটনায় যারা প্রাণ হারিয়েছেন তাদের জন্য, তাদের পরিবারের জন্য এবং এই ঘটনায় যারা আহত হয়েছেন আসুন আজকে আমরা এক মুহূর্ত সময় নিয়ে তাদের কথা স্মরণ করি। বাংলাদেশের শ্রমিক, মালিকপক্ষ এবং সরকারের সাথে একসাথে কাজ করার জন্য আসুন আমরা ভবিষ্যতের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে পুনর্ব্যক্ত করি যেন এই ধরনের দুঃখজনক ঘটনা ভবিষ্যতে আর না ঘটে। একটি উন্নততর ও অধিকতর উজ্জীবিত তৈরি পোশাক খাত নির্মাণে এবং শ্রমিকের অধিকার ও নিরাপত্তার সাথে সাফল্য যে ওতপ্রোতভাবে জড়িত সে জন্যও আমাদের একত্রে কাজ করতে হবে।

==========